



৯ যদি কোথাও হঠাৎ হাঁস-মুরগি বা অন্যান্য পাখি অস্বাভাবিকভাবে মারা যায় তবে সাথে সাথে ওয়ার্ড কমিশনার অথবা থানা পশু হাসপাতালে জানাতে হবে। মৃত হাঁস-মুরগি এবং পাখি মাটিতে পুঁতে ফেলার সময় অবশ্যই সাবধানতা অবলম্বন করতে হবে।



১০ হাঁস-মুরগি বা অন্যান্য পাখি ধরা-ছোঁয়ার পর যদি কেউ জ্বর-সর্দি-কাশি জাতীয় কোন রোগে ভোগেন তবে তাড়াতাড়ি ডাক্তারের পরামর্শ নিতে হবে। প্রয়োজনে নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্র/হাসপাতালে চিকিৎসার জন্য যেতে হবে। রোগে আক্রান্ত বা মৃত হাঁস-মুরগির সংস্পর্শে আসার বিষয়টিও তাদের জানাতে হবে।

বার্ড ফ্লু রোগ
প্রতিরোধে সব
দিকে সাবধান
থাকতে হবে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ পূর্ব এশিয়া
আঞ্চলিক অফিস কর্তৃক প্রকাশিত
বার্ড ফ্লু: আমাদের যা জানতে ও করতে হবে
শিরোনামের লিফলেট অবলম্বনে।

বার্ড ফ্লু



আমাদের যা জানতে ও
করতে হবে



unicef



World Health Organization
Health Office for Bangladesh



JAPAN



unicef



World Health Organization
Health Office for Bangladesh



JAPAN

বার্ড ফ্লু (এভিয়ান-ইনফ্লুয়েঞ্জা) একটি ভাইরাসজনিত ছোঁয়াচে রোগ। এর জীবাণু বার্ড ফ্লু আক্রান্ত হাঁস-মুরগি বা অন্যান্য পাখির মল, রক্ত ও শ্বাসনালীতে বাস করে। মানুষ ঘটনা-চক্রে এ রোগে আক্রান্ত হয়। প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে বেশির ভাগ সংক্রমণই ঘটেছে তাদের, যারা আক্রান্ত পাখি জবাই বা পালক ছাড়ানোর জন্য নাড়াচাড়া করেছে। আবার, যে সমস্ত শিশু আক্রান্ত পাখি বা মৃত হাঁস-মুরগি নিয়ে খেলা করে তাদেরও এ রোগ হতে পারে। এ রোগটি সাধারণত শুরু হয় জ্বর-সর্দি-কাশির মাধ্যমে এবং পরে তা মারাত্মক নিউমোনিয়ার রূপ ধারণ করে যার পরিণতি হচ্ছে মৃত্যু।



১ খালি হাতে অসুস্থ বা অস্বাভাবিকভাবে মৃত হাঁস-মুরগি বা অন্যান্য পাখি ধরা-ছোঁয়া ও নাড়াচাড়া করা যাবে না।



২ বাড়িতে রোগে আক্রান্ত হাঁস-মুরগি জবাই করা বা পালক ছাড়ানো অথবা নাড়াচাড়া করা যাবে না।



৩ রোগে আক্রান্ত হাঁস-মুরগি বা অন্যান্য পাখি ধরা-ছোঁয়া ও সেগুলো নিয়ে খেলাধুলা করা থেকে শিশুদের বিরত রাখতে হবে।



৪ হাঁস-মুরগি বা পশুপাখি ধরা-ছোঁয়ার পর ভাল করে সাবান বা ছাই এবং পানি দিয়ে দুই হাত পরিষ্কার করে ধুতে হবে।



৫ হাঁস-মুরগি বা পশুপাখি দেখাশোনা করার সময় কাপড় দিয়ে নাক মুখ ঢেকে নিতে হবে। পশুপাখি নাড়াচাড়ার পর সেই হাত না ধুয়ে চোখ, নাক বা মুখে লাগানো যাবে না।



৬ হাঁস-মুরগির মাংস ভালোভাবে রান্না করতে হবে। আধা সিদ্ধ মাংস, ডিম বা মাংসের তৈরী খাবার খাওয়া যাবে না।



৭ বার্ড ফ্লু রোগ ছড়িয়ে পড়েছে এমন স্থানে বা তার আশে পাশে যারা বসবাস করে, তাদের জীবন্ত হাঁস-মুরগি ও অন্যান্য পাখি ক্রয়-বিক্রয় বা জবাই করার স্থানে যাওয়া থেকে বিরত থাকতে হবে।

৮ রোগে আক্রান্ত হাঁস-মুরগি বা অন্যান্য পাখির মল সার অথবা মাছের খাদ্য হিসাবেও ব্যবহার করা যাবে না।

